

9th India-Colombia Foreign Office Consultations

May 07, 2021

9ম ভারত-কলম্বিয়া বৈদেশিক দপ্তরের মন্ত্রণাসভা

মে 07, 2021

1. 2021 সালের 07 মে ভারত ও কলম্বিয়ার মধ্যে ভিডিও কনফারেন্সের মাধ্যমে 9ম ভারত-কলম্বিয়া বৈদেশিক দপ্তরের মন্ত্রণাসভা অনুষ্ঠিত হয়েছিল।
2. ভারতীয় পক্ষের নেতৃত্বে ছিলেন শ্রীমতি রিভা গাঙ্গুলি দাস, সচিব (পূর্ব)। কলম্বিয়ার পক্ষে নেতৃত্বে দেন কলম্বিয়ার বিদেশ মন্ত্রকের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী মিঃ ফ্রান্সিসকো জাভিয়ার এচেভেরি।
3. চার বছর পর অনুষ্ঠিত এই মন্ত্রণাসভায় দ্বিপাক্ষিক সুসম্পর্কের প্রতিফলন ঘটে এবং রাজনৈতিক, বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা, কৃষি, মহাকাশ, এনার্জি, স্বাস্থ্য ও ফার্মাসিউটিক্যালস, পর্যটন, তথ্য প্রযুক্তি, শিক্ষা, উন্নয়নের অংশীদারি, ক্রীড়া এবং সংস্কৃতি সহ সকল দ্বিপাক্ষিক ক্ষেত্রে সহযোগিতা বিষয়ে সম্পূর্ণ পর্যালোচনা করা হয়। উভয় পক্ষই দ্বিপাক্ষিক মতবিনিময় প্রক্রিয়ার মাধ্যমে এই ক্ষেত্রগুলিতে ঘনিষ্ঠ আলোচনা চালিয়ে যাবার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছিল।
4. দুই দেশই COVID-19 মহামারীকালে সর্বোত্তম অনুশীলন, পরিচালন কৌশল এবং চিকিৎসা গবেষণা ক্ষেত্রে বিনিময় সহযোগিতার সম্ভাব্য প্রভাব এবং প্রতিরোধের বিভিন্ন সরকারী কৌশলগুলি নিয়ে আলোচনা করে।
5. এছাড়াও জাতিসংঘে সহযোগিতা সহ পারস্পরিক স্বার্থজড়িত আঞ্চলিক ও আন্তর্জাতিক ইস্যুতে মতবিনিময় করেন এবং বহুপাক্ষিক ইস্যুতে একে অপরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে সম্মত হন।

নিউ দিল্লি

মে 07, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.